

শ্রীপুর উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'র জুন-২০২৩ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব কমলেশ মজুমদার উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা
সভার তারিখ	:	২১ জুন, ২০২৩ খ্রি.
সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শালিখা, মাগুরা
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সকল সদস্যদের সাথে পরিচয়পর্ব সম্পন্ন করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জেলা নিরাপদ খাদ্য অফিসার, মাগুরা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি মহোদয়, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য খাদ্য ব্যবসায়ী, খাদ্যকর্মী, ভোক্তা সহ সকল প্রতিষ্ঠানকে সচেতন হওয়ার আহবান জানান। এছাড়া খাদ্য প্রতিষ্ঠানের বিভিন্ন অব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেন এবং তা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

আলোচ্যসূচি: ০১

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে জেলা নিরাপদ খাদ্য অফিসার সকলকে অবহিত করেন। তিনি জানান নিয়মিত হোটেল-রেস্তোরা, কাঁচা বাজার ও খাদ্যস্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয় এবং মনিটরিং কার্যক্রমের প্রতিবেদন প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করা হয়। জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন, নিয়মিত উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন করা হয়। নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে মাসিক সভার আয়োজন করা হয়। এছাড়াও নিয়মিত উঠান বৈঠক ও কর্তৃপক্ষের কার্যাবলি লিফলেট বিতরণের মাধ্যমে প্রচার করা হচ্ছে।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম আরও ব্যাপক পরিসরে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

আলোচ্যসূচি: ০২

নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা বিতরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা মাগুরা জেলার শ্রীপুর উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর ও সুধীজনের মাঝে বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।	নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা মাগুরা জেলার শ্রীপুর উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর ও সুধীজনের মাঝে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

✓

আলোচ্য সূচি: ৩

নিরাপদ খাদ্য বিষয়ক প্রচারণা বৃদ্ধি:


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
শ্রীপুর উপজেলায়, মাইকিং, লিফলেট বিতরণ, উঠান বৈঠক প্রভৃতির মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক প্রচারণা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।	শ্রীপুর উপজেলায়, মাইকিং, লিফলেট বিতরণ, উঠান বৈঠক প্রভৃতির মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক প্রচারণা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

আলোচ্য সূচি: ৪

সদস্য কো-অপ্ট :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
শ্রীপুর উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটিতে স্যানিটারী ইন্সপেক্টর, শ্রীপুর ও তথ্য সেবা কর্মকর্তা, শ্রীপুর কে কো-অপ্ট করার বিষয়ে আলোচনা করা হয়।	সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত সর্বসম্মতিতে গ্রহণ করা হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


কমলেশ মুন্সের
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ও
সভাপতি


শ্রীপুর উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

স্মারক নম্বর: ১৩.০২.৫৭০০.০০০.০৬.০১০.২২. ২৭

তারিখ: আষাঢ় ১৪৩০
২১ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
- ৩। সদস্য(সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
- ৪। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর) ভবন-২ (লেভেল- ৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
- ৫। জেলা প্রশাসক, মাগুরা
- ৬। সদস্য (সকল).....
- শ্রীপুর উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি
- ৭। অফিস কপি


২১.০৫.২০২৩

মো: রিয়াজ মাহমুদ
নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, মাগুরা
ফোনঃ ০১৬০১-২৫২৫০৩

ইমেইলঃ fso.meherpur@bfsa.gov.bd

ও

সদস্য সচিব

শ্রীপুর উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি